



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৩৯৮/২ (৫৩২)

তারিখ: ২২.১১.২০২০ খ্রি.

বিষয়: উপবৃত্তি কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রেরিত আবেদনপত্রের তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য গঠিত উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটি ও এর কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমে সারাদেশে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি যথাযথভাবে বিতরণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে থেকে প্রাপ্ত আবেদনসমূহের তথ্যাদির সঠিকতা (প্রয়োজনে) পুনরায় যাচাই-বাছাই করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচি ম্যানুয়ালের ৮.২ অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা/মেট্রোপলিটন এলাকায় নিম্নরূপভাবে উপদেষ্টা কমিটি গঠনের নির্দেশনা রয়েছেঃ

উপজেলা উপদেষ্টা কমিটি:

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে পদ
০১	উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
০২	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান	সদস্য
০৩	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা	সদস্য
০৪	উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা	সদস্য
০৫	উপজেলা একাডেমিক সুপারভাইজার	সদস্য
০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব

মেট্রোপলিটন (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা) এলাকার উপদেষ্টা কমিটি:

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে পদ
০১	সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তা	সভাপতি
০২	সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
০৩	থানা একাডেমিক সুপারভাইজার	সদস্য
০৪	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান	সদস্য
০৫	থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব

কর্মপরিধি:

- কমিটি প্রাতিষ্ঠানিক পর্যায়ে থেকে প্রাপ্ত আবেদনপত্রসমূহের তথ্যাদির সঠিকতা প্রয়োজনে পুনরায় যাচাই বাছাই করতে পারবে।
- শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে থেকে অনলাইনে প্রেরিত আবেদনে এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা নিয়ে কোনো আপত্তি অথবা বাতিল আবেদনপত্রের উপর আপত্তির শুনানি গ্রহণ করতে পারবে।
- প্রয়োজনে শিক্ষার্থীর অভিভাবকের বাড়ি পরিদর্শনপূর্বক পুনর্বিবেচনা করে সিদ্ধান্ত দিতে পারবে।
- উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটিতে যে শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনসমূহ বিবেচনা করা হবে কেবল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কমিটির সদস্য হিসাবে সভায় উপস্থিত থাকবেন।
- শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে হতে HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে প্রেরিত উপবৃত্তির আবেদনপত্রের তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য উপজেলা/মেট্রোপলিটন এলাকায় উপদেষ্টা কমিটির সভা আয়োজনের বিষয়টি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিশ্চিত করবেন।
- উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটির অনুমোদন নিয়ে উপবৃত্তির জন্য সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্যাদি HSP-MIS সফটওয়্যারের নির্ধারিত বাটনে ক্লিক করে তথ্য চূড়ান্ত অনুমোদনের HSP/PMEAT-তে প্রেরণ করতে হবে।

HSP File New-161

- ৭। সভার নোটিশ, সংশ্লিষ্ট সদস্যদের স্বাক্ষর ও অনুমোদিত কার্যবিবরণী অবশ্যই সংরক্ষণের পাশাপাশি একটি রেজিস্ট্রার ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তথ্যের সত্যতা যাচাই-বাছাই শেষে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের সকল তথ্যাদি সঠিক আছে মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান হতে প্রত্যয়ন পত্র গ্রহণ করবেন।
- ৯। কমিটি প্রয়োজনে যেকোনো সংখ্যক সভায় মিলিত হতে পারবে।

বর্ণিত অবস্থায়, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ম্যানুয়েল অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন উপজেলা/থানায় উপদেষ্টা কমিটির সকল সদস্যকে কমিটির বিষয়টি অবগত করানোসহ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
- ০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
- ০৮। জেলা প্রশাসক, সকল জেলা।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।